-৬৮-

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ
শিল্প ও শক্তি সেক্টর
শের-ই-বাংলা নগর, ঢাকা

পরিদর্শন প্রতিবেদন
(চলমান প্রকল্প)
নিজস্ব তহবিলে বাস্তবায়নাধীন

১. **প্রকল্পের নাম** : "Construction of 20"DN×1000Psig×30Km Transmission Line from Sreepur to Joydevpur CGS.

২. **উদ্যোগী বিভাগ/মন্ত্রণালয়** : জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগ/বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়

৩. **বাস্তবায়নকারী সংস্থা** : তিতাস গ্যাস ট্রান্সমিশন এন্ড ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড (টিজিটিডিসিএল), পেট্রোবাংলা

৪. **প্রকল্পের অবস্থান** : গাজীপুর জেলার সদর ও শ্রীপুর উপজেলা

৫. **প্রাক্কলিত ব্যয়** : (লক্ষ টাকায়)

মোট	জিওবি	সংস্থার নিজস্ব অবদান	প্রকল্প সাহায্য
১৯৮২১.২৬	-	১৯৮২১.২৬	

৬. **বাস্তবায়নকাল:**
মূল : জুলাই ২০১৩ থেকে ডিসেম্বর ২০১৫ পর্যন্ত
ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে মেয়াদ বৃদ্ধি : জুলাই ২০১৩ থেকে জুন ২০১৭ পর্যন্ত

৭. **সাধারণ পর্যবেক্ষণ :**

৭.১ **পটভূমি:** তিতাস গ্যাস অধিভুক্ত এলাকায় চাহিদার তুলনায় গ্যাস সরবরাহের স্বল্পতার কারণে গাজীপুর জেলার জয়দেবপুর চৌরাস্তা, রাজেন্দ্রপুর, শ্রীপুর, কোনাবাড়ি, চন্দ্রা, গোড়াই, ঢাকা ইপিজেড, কালিয়াকৈর ও টঙ্গী এলাকায় গ্যাসের স্বল্প চাপ সমস্যা প্রকট আকার ধারণ করেছে। ফলে প্রয়োজনীয় চাপে গ্রাহকদের নিরবচ্ছিন্ন গ্যাস সরবরাহ ব্যাহত হচ্ছে। জয়দেবপুর সিটি গেট স্টেশন (সিজিএস) এর ইনপুট গ্যাস প্রবাহ বৃদ্ধি করা হলে উল্লিখিত এলাকাসমূহে গ্যাস সরবরাহ পরিস্থিতির উন্নতি হবে। এ লক্ষ্যে টিজিটিডিসিএল কর্তৃক নিজস্ব অর্থায়নে বাস্তবায়নের জন্য শ্রীপুর থেকে জয়দেবপুর সিজিএস পর্যন্ত গ্যাস সঞ্চালন লাইন নির্মাণের জন্য আলোচ্য প্রকল্পটি গ্রহণ করা হয়েছে।

৭.২ **উদ্দেশ্য :** শিল্প বর্ধিষ্ণু অঞ্চল বিবেচনায় জয়দেবপুর সিজিএস এর ইনপুটে ৩০০ এমএমসিএসএফডি গ্যাস প্রবাহ বৃদ্ধির মাধ্যমে জয়দেবপুর চৌরাস্তা, রাজেন্দ্রপুর, শ্রীপুর, কোনাবাড়ি, চন্দ্রা, গোড়াই, ঢাকা ইপিজেড, কালিয়াকৈর ও টঙ্গী এলাকাসমূহে গ্যাস সরবরাহের ঘাটতি পূরণ এবং গ্যাস বিতরণের সিস্টেমের উন্নতিকরণ।

৭.৩ **প্রকল্পের অনুমোদন:** মোট ১৯৮২১.২৬ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয় এবং জুলাই ২০১৩ থেকে ডিসেম্বর ২০১৫ পর্যন্ত মেয়াদে বাস্তবায়নের জন্য প্রকল্পটি ১১ ফেব্রুয়ারী ২০১৪ তারিখের একনেক সভা কর্তৃক অনুমোদিত হয় (নিজস্ব অর্থায়নের প্রকল্প হলেও আলোচ্য প্রকল্পের জমি অধিগ্রহণের পরিমাণ ২০ একরের উর্ধ্বে বিধায় একনেকে উপস্থাপিত হয়)। অতঃপর ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে প্রকল্পের বাস্তবায়ন মেয়াদ জুন ২০১৭ পর্যন্ত বৃদ্ধি করা হয়।

৭.৪ **প্রকল্প পরিদর্শন:** আইএমইডি বিভাগের শিল্প ও শক্তি সেক্টরের পরিচালক (শক্তি) বেগম নাসিমা মহসিন কর্তৃক গত ৭ মার্চ ২০১৬ তারিখে প্রকল্পটি পরিদর্শন করা হয়। পরিদর্শনকালে প্রকল্প পরিচালক উপস্থিত হয়ে সহায়তা প্রদান করেন।

৭.৫ **প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্য :** প্রকৌশলী মোঃ আব্দুল ওহাব, উপমহাব্যবস্থাপক, টিজিপিডিসিএল ৩১ ডিসেম্বর ২০১৫ হতে পূর্ণকালীন প্রকল্প পরিচালক হিসাবে দায়িত্ব পালন করে আসছেন।

৭.৬ প্রকল্পের মূল কার্যক্রম :

- ড্রইং, ডিজাইন, ইনিশিয়াল এনভায়রনমেন্ট এগজামিনেশন (আইইই)/এনভায়রনমেন্ট ইমপ্যাক্ট এসেসমেন্ট (ইআইএ) সার্ভে পরিচালনা;
- ৪৪.৮৮ একর জমি অধিগ্রহণ এবং ৬৬.৬৯ একর জমি অধিযাচন;
- গাজীপুর জেলার শ্রীপুর থেকে জয়দেবপুর পর্যন্ত ৩০ কিঃমিঃ গ্যাস সঞ্চালন পাইপ লাইন ও সিজিএস নির্মাণ;
- পাইপ এবং অন্যান্য মালামাল ক্রয়; এবং
- সিভিল কনস্ট্রাকশন এবং ক্যাথোডিক প্রটেকশন (সিপি) নির্মাণ।

৮. প্রকল্পের অঙ্গভিত্তিক বাস্তবায়ন অগ্রগতি :

৮.১ প্রকল্পের অঙ্গভিত্তিক আর্থিক ও বাস্তব অগ্রগতি নিম্নরূপ :

(লক্ষ টাকায়)

ক্রমিক নম্বর	অঙ্গের নাম	সর্বশেষ ডিপিপি অনুযায়ী		ফেব্রুয়ারী ২০১৬ পর্যন্ত ক্রমপুঞ্জিত অগ্রগতি	
		পরিমাণ/সংখ্যা	প্রাক্কলিত ব্যয়	বাস্তব	আর্থিক (%)
১	২	৩	৪	৫	৬
১	অফিস ও ষ্টেশনারী থোক	থোক	৫.০০	থোক	৪.২০ (৮৪.০০%)
২	আপ্যায়ন ব্যয়	থোক	৫.০০	থোক	২.০০ (১৮.১৮%)
৩	সার্ভে/ডিজাইন/ড্রইং/ আইইই ও ইআইএ	থোক	১১.০০	থোক	-
৪	অনান্য ব্যয়	থোক	১০.০০	থোক	১৫০ (৫০.০০%)
৫	মোটরযান (জীপ ২৭০০ সিসি)	১টি	৭৫.০০	১টি	৭০.২৬ (৯৩.৬৮%)
	ডাবল কেবিন পিকআপ (২৪০০ সিসি)	১টি	৫০.০০	১টি	৪৯.০৭ (৯৮.১৪%)
৬	লাইন পাইপ এন্ড কেসিং পাইপ, ভাল্বস, টেপ, প্রাইমার এন্ড অ্যাসোসিয়েটেড পাইপলাইন ম্যাটেরিয়ালস লোকাল এন্ড ইমপোরটেড)	থোক	৫১৯০.০০	থোক	৫১৩০.৭২ (৯৮.৮৬%)
৭	নতুন সি জিএস ম্যাটেরিয়ালস	থোক	২২০০.০০	থোক	১১৯৪.৬৮ (৫৪.৩০%)
৮	স্ক্র্যাপার ম্যাটেরিয়ালস	থোক	২৭৫.০০	থোক	৬৬.৪৪ (২৪.১৬%)
৯	সি পি ম্যাটেরিয়ালস	থোক	৪৪.০০	থোক	১৮.৮৫ (৪২.৮৪%)
১০	কম্পিউটার, প্রিন্টার এবং কম্পিউটারের যন্ত্রাংশ	৪টি ডেক্সটম-২, ল্যাপটপ-২)	৪.০০	৩টি ডেক্সটম-২, ল্যাপটপ-১)	৩.০০ (৭৫.০০%)
১১	অফিস সরঞ্জাম	ডিজিটাল ফটোকপিয়ার-১টি, ডিজিটাল ভিডিও ক্যামেরা-১টি, ডিজিটাল ক্যামেরা-১টি, স্পাইরাল বাইন্ডিং মেশিন-১টি	৪.০০	ডিজিটাল ফটোকপিয়ার-১টি, ডিজিটাল ভিডিও ক্যামেরা-১টি, ডিজিটাল ক্যামেরা-১টি, স্পাইরাল বাইন্ডিং মেশিন-১টি	৪.০০ (১০০.০০%)
১২	ফার্নিচার এন্ড ফিক্সার	থোক	৫.০০	থোক	৪.১৬ (৮৩.২০%)
১৩	ভূমি অধিগ্রহণ	৪৪.৮৮ একর	৪৪৫৫.০০	৪৪.৮৮ একর	৯২০২.৫২ (২০৬.৫৭%)
১৪	ভূমি অধিযাচন	৬৬.৬৯ একর	৫২২.৫০	১২.১১ একর	৯৪.৯১ (১৮.১৬%)

ক্রমিক নম্বর	অঙ্গের নাম	সর্বশেষ ডিপিপি অনুযায়ী		ফেব্রুয়ারী ২০১৬ পর্যন্ত ক্রমপুঞ্জিত অগ্রগতি	
		পরিমাণ/সংখ্যা	প্রাক্কলিত ব্যয়	বাস্তব	আর্থিক (%)
১	২	৩	৪	৫	৬
১৫	পাইপলাইন কনস্ট্রাকশন	৩০০০০ মিটার	২৫২৭.৬৫	-	-
১৬	সিপি কনস্ট্রাকশন	থোক	২২.০০	-	-
১৭	রাস্তা কাটার ক্ষতিপূরণ	থোক	২০.০০	-	-
১৮	সিভিল কনস্ট্রাকশন (সিজিএস, টিবিএস, ডিআরএস ইত্যাদি)	থোক	১৬৫.০০	-	-
১৯	মূলধন খাত ও সিডি ভ্যাট	থোক	৩৪৬৫.৭৫	থোক	১৯৩১.৩১ (৫৫.৭৩%)
২০	ফিজিক্যাল কনটেনজেন্সি	১%	১৯০.৫৯	-	-
২১	প্রাইস কনটেনজেন্সি	৩%	৫৭১.৭৭	-	-
	সর্বমোট:		১৯৮২১.২৬		১৭৭৭৮.৮২ (৮৯.৭০%)

৯. পরিদর্শনকালীন পর্যবেক্ষণ:

৯.১ প্রকল্পের আওতায় পাইপ লাইন নির্মাণের ড্রইং, ডিজাইন ও প্রাক্কলন কাজ সম্পন্ন হয়েছে। তবে ইনিশিয়াল এনভায়রনমেন্ট এগজামিনেশন (আইইই) ও এনভায়রনমেন্ট ইমপ্যাক্ট এসেসমেন্ট (ইআইএ) সম্পন্ন হয়নি। অনুমোদিত ডিপিপি'র বার্ষিক লক্ষ্যমাত্রা অনুসারে এ দুটি কার্যক্রম প্রকল্পের ১ম বছর অর্থাৎ ২০১৩-১৪ অর্থ বছরে সম্পন্ন করার জন্য নির্ধারিত ছিল।

৯.২ প্রকল্পের অধীনে গাজীপুরের জয়দেবপুর সিটি গেইট স্টেশন (সিজিএস) থেকে শ্রীপুর উপজেলা পর্যন্ত ৩০ কিঃমিঃ গ্যাস সঞ্চালন পাইপ লাইন নির্মাণের জন্য ডিপিপি'র সংস্থান অনুসারে ৪৪.৮৮ একর ভূমি অধিগ্রহণ সম্পন্ন হয়েছে। তবে ডিপিপি'র ৪৪৫৫.০০ লক্ষ টাকার প্রাক্কলিত ব্যয় অপেক্ষা ৪৭৪৭.৫২ লক্ষ টাকা বেশি ব্যয়পূর্বক অর্থাৎ মোট ৪৪৫৫.০০+৪৭৪৭.৫২ = ৯২০২.৫২ লক্ষ টাকা ব্যয়ে ভূমি অধিগ্রহণ কার্যক্রম সম্পন্ন করা হয়েছে। অনুমোদিত ডিপিপি'র বার্ষিক লক্ষ্যমাত্রা অনুসারে ২০১৪-১৫ অর্থ বছরে ভূমি অধিগ্রহণ অঙ্গের কাজ সম্পন্নের জন্য নির্ধারিত ছিল এবং সে সময়ের মধ্যে এ অঙ্গের কাজ সম্পন্ন করা হয়েছে।

৯.৩ পাইপ লাইন সংক্রান্ত সম্পূর্ণ মালামাল ইতোমধ্যে সংগ্রহ করা হয়েছে। তবে সিজিএস ও সিপি মালামাল পরিদর্শনকালীন সময় পর্যন্ত আংশিক সংগ্রহ করা হয়েছে। ডিপিপি'র বার্ষিক লক্ষ্যমাত্রা অনুসারে সিজিএস ও সিপি মালামাল ২০১৩-১৪ অর্থ বছরের মধ্যে সংগ্রহের কথা থাকলেও পরিদর্শনকালীন সময় পর্যন্ত এগুলি সম্পূর্ণ সংগ্রহ করা হয়নি।

৯.৪ গাজীপুর জেলায় জয়দেবপুর সিজিএস থেকে শ্রীপুর উপজেলা পর্যন্ত ৩০ কিঃমিঃ গ্যাস সঞ্চালন পাইপলাইন নির্মাণের জন্য ২৯৪১.০৩ লক্ষ টাকা চুক্তি মূল্যে ঠিকাদারের সঙ্গে ১৫ মার্চ ২০১৬ তারিখে চুক্তি স্বাক্ষরিত হয়েছে। পরিদর্শনকালে দেখা যায় জয়দেবপুরের মহিলাঘাট ও শশ্মানঘাট এলাকায় পাইপলাইন নির্মাণের উদ্দেশ্যে মাটি কাটার কাজ শুরু হয়েছে। ডিপিপি'র লক্ষ্যমাত্রা অনুসারে ২০১৪-১৫ অর্থ বছরের মধ্যে পাইপলাইন নির্মাণ কাজ সম্পন্ন করার কথা থাকলেও পরিদর্শনকালীন সময় পর্যন্ত এ অঙ্গের শুধুমাত্র প্রাথমিক কাজ শুরু হয়েছে। লক্ষ্যমাত্রা অপেক্ষা এ অঙ্গের বাস্তবায়ন বেশ পিছিয়ে আছে বলে দেখা যায়। এর কারণ জানতে চাইলে প্রকল্প পরিচালক জানান যে এ কাজের জন্য ইতোপূর্বে দুই বার দরপত্র আহবান করা হলে দু'বারই প্রাক্কলিত মূল্য অপেক্ষা ৪৮% বেশি মূল্যে দরপত্র দাখিল হয়। এ কারণে পূর্বের দুইবার দরপত্র বাতিল করতে হয় এবং এর ফলে বাস্তবায়ন বিলম্বিত হয়।